

### বিজ্ঞপ্তি

Japan Human Resource Development Scholarship (JDS) এর অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স প্রোগ্রামে অংশগ্রহণের নিমিত্তি বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাগণের নিকট হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০৭/২০১৯ তারিখের ০৫.০০.০০০০.২০২.২৫.০১৬.১৯-৩৫১ সংখ্যক স্মারকে ২৬ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো হয়। এক্ষণে Japan International Cooperation Center (JICE) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে জাপানের নিম্নোক্ত বিশ্ববিদ্যালয়সমূহে আবেদনের সময়সীমা পার্শ্ব বর্ণিত তারিখ পর্যন্ত বৃদ্ধি করেছে :


S.L.	University	Component	New Application deadline
1.	Keio University	Enhancement of Legal Capacity and Policy	31 October 2019
2.	Yokohama National University	Enhancement of Capacity for Urban and Regional Development Planning and Policy	
3.	Hiroshima University		

২। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উল্লিখিত মেয়াদে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি আবেদন পৌঁছাতে পারবেন:

Japan International Cooperation Center (JICE)  
JDS Project Office in Bangladesh  
L-261, The Pan Pacific Sonargaon Hotel,  
107, Kazi Nazrul Islam Avenue,  
Dhaka-1215, Bangladesh.

#### শর্তসমূহ :

১. অনলাইনে প্রাপ্ত আবেদন নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করতে হবে। যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০২০ তারিখে ৪০ বছরের কম, যাদের চাকরির বয়স ২ বছর এবং যাদের চাকরি স্থায়ী হয়েছে, শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণি/বিভাগ (সমমান) রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণি নেই কেবল জঁরাই আবেদন করতে পারবেন;
২. আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে ৪ সেট আবেদন JICE, JDS Project Office বরাবর প্রেরণ করতে হবে। ৪ সেট আবেদনের ৩ সেট সরাসরি এবং ১ সেট আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;
৩. কোর্সে আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি.তারিখের স্মারক নং-৮০/৯২-৫১৮(৫০০) নং স্মারকের বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করতে হবে;
৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬/১২/২০১৫ তারিখের ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯ সংখ্যক স্মারক অনুযায়ী যারা ইতিপূর্বে চাকরিরত অবস্থায় প্রেষণে বা শিক্ষাছুটিতে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন তাঁদের এ কোর্সে আবেদন করার প্রয়োজন নেই;
৫. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত তথ্যাবলী <http://jds-scholarship.org/> থেকে পাওয়া যাবে।

  
মোহাম্মদ আবদুল লতিফ  
যুগ্মসচিব  
ফোন : ৯৫৭৪৪২৬  
[sasft.mopa@gmail.com](mailto:sasft.mopa@gmail.com)